

advertisement

## সরকারি বিদ্যালয়ে ভর্তি ফরম বিতরণ শুরু ১ ডিসেম্বর

নিজস্ব প্রতিবেদক

৬ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৬ নভেম্বর ২০১৯ ০২:০৭



নতুন সরকারি  
**আমাদেরশোময়**

আগামী বছর নতুন শিক্ষাবর্ষে সরকারি বিদ্যালয়গুলোয় প্রথম থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির ফরম বিতরণ শুরু হবে ১ ডিসেম্বর থেকে। প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে এবং দ্বিতীয় থেকে নবম শ্রেণিতে ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করানো হবে। ইতোমধ্যে সরকারি বিদ্যালয়ে ভর্তিসংক্রান্ত নীতিমালা চূড়ান্ত করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। শিগগিরই শিক্ষা মন্ত্রণালয় এ নীতিমালা জারি করবে বলে জানান মাউশির পরিচালক (মাধ্যমিক) মো. আবদুল মান্নান।

মাউশি সূত্রে জানা যায়, আগামী ১ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ করা যাবে। অনলাইনে আবেদন ফি ধরা হয়েছে ১৭০ টাকা। ২৪ ডিসেম্বর প্রথম শ্রেণির লটারির ড্র অনুষ্ঠিত হবে।

জানা গেছে, বিদ্যালয়সংলগ্ন ক্যাচমেন্ট এরিয়ার জন্য ৪০ শতাংশ কোটা সংরক্ষণ করা হবে। আর বাকি ৬০ শতাংশ সবার জন্য উন্মুক্ত। তবে মুক্তিযোদ্ধা কোটা, শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তরগুলোর কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের জন্য কোটা সংরক্ষণ করা হবে।

নতুন শিক্ষাবর্ষে ভর্তির জন্য মহানগরী, বিভাগীয় শহর, জেলা ও উপজেলা পর্যায়ে সব সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তির আবেদন ও আবেদনের ফি গ্রহণ এবং ফল অনলাইনে প্রকাশ করতে হবে। তবে কোনো কারণে তা সম্ভব না হলে শুধু উপজেলা পর্যায়ের বিদ্যালয়গুলোর জন্য ম্যানুয়ালি আবেদনের সুযোগ রাখা হয়েছে। গত বছরের মতো এবারও রাজধানীর ৪১টি সরকারি উচ্চ বিদ্যালয়কে তিনটি গ্রুপে ভাগ করে ১৮, ১৯ এবং ২০ ডিসেম্বর ভর্তি পরীক্ষা নেওয়া হবে। এর মধ্যে ‘ক’ ও ‘খ’ গ্রুপে ১৪টি করে এবং ‘গ’ গ্রুপে ১৩টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

advertisement